

**2019/TDC/ODD/SEM/
BNGHCC-101T/051**

TDC (CBCS) Odd Semester Exam., 2019

BENGALI

(1st Semester)

Course No. : BNGHCC-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বাংলা সাহিত্যের প্রাচীন যুগের সময়কাল নির্দেশ করে
এ যুগের আদিতম নিদর্শনটির নামোল্লেখ করো।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে মধ্যযুগকে কত ভাগে ভাগ করা
হয়েছে এবং কী কী?

(গ) 'চর্যাপদ'-এর বিশিষ্ট টীকাকারের নাম কী এবং তিনি কোন্
ভাষায় তা রচনা করেছেন?

(2)

২। বাংলা সাহিত্যের ইতিহাসের যুগ-বিভাজন উল্লেখ করে
অন্ত-মধ্যযুগের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

আদি বাংলা সাহিত্যের নিদর্শন সম্পর্কে বিস্তৃত আলোচনা করো
এবং এর সাহিত্যমূল্য নির্ণয় করো।

UNIT—II

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য-এর আবিষ্কার কে এবং কোথা
থেকে তিনি এই গ্রন্থটি উদ্ধার করেন?

(খ) চৈতন্য-উত্তর যুগের দুজন বিশিষ্ট বৈষ্ণব পদকর্তার নাম
লেখো।

(গ) মধ্যযুগে রচিত দুটি চৈতন্য-জীবনচরিত গ্রন্থের নাম
লেখো।

৪। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

বৈষ্ণব পদকর্তা হিসেবে চণ্ডীদাসের কবিকৃতি আলোচনা করো।

UNIT—III

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) মঙ্গলকাব্যগুলোর মধ্যে সব থেকে প্রাচীন কাব্য কোনটি
এবং কাব্যটির রচনাকার কে?

(3)

(খ) 'ধর্মমঙ্গল' কাব্যের প্রধান দুটি কাহিনি কী কী?

(গ) ভারতচন্দ্র রায় কোন্ রাজার সভাকবি ছিলেন? তাঁর রচিত
কাব্যটির নাম কী?

৬। 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে এবং তাঁর কাব্য সম্পর্কে
সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

মঙ্গলকাব্যধারার সর্বশেষ কবি এবং তাঁর কাব্যের বৈশিষ্ট্য নিরূপণ
করো।

UNIT—IV

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) কৃত্তিবাস ওকার পিতা-মাতার নাম কী?

(খ) কৃত্তিবাস রচিত 'রামায়ণ'-এ কোন্ কোন্ গ্রন্থের প্রভাব
রয়েছে?

(গ) 'মহাভারত'-এর আদি অনুবাদক দুজনের নাম লেখো।

৮। 'রামায়ণ'-এর শ্রেষ্ঠ অনুবাদক কৃত্তিবাস ওকার জীবন ও
সাহিত্যের পরিচয় দাও। ১০

অথবা

'কাশীরাম দাসের মহাভারত তাঁর প্রতিভার সর্বশ্রেষ্ঠ দান।'
মন্তব্যটি বিশদ করো।

UNIT—V

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

২×২=৪

(ক) রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

(খ) “ওরে নবমী নিশি না হইওরে অবসান
শুনেছি দারুণ তুমি না রাখ সতের মান।”

পদকর্তা কে? এই পদটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(গ) আরাকান রাজসভার দুজন কবির নামোল্লেখ করো।

১০। শাক্ত-পদকর্তা হিসেবে কমলাকান্ত ভট্টাচার্যের কাব্যপ্রতিভার পরিচয় দাও।

১০

অথবা

সপ্তদশ শতাব্দীর আরাকান রাজসভার কবিদের সাহিত্যকর্মের সংক্ষিপ্ত আলোচনা করো।
